# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 26.05.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) প্রবল সামুদ্রিক ঘূর্ণিঝড় রিমাল আজ মধ্য রাতে বাংলাদেশ ও সংলগ্ন পশ্চিমবঙ্গের উপকূলের মধ্য দিয়ে স্থলভাগে প্রবেশ করবে।

বাতাসের সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ১৩৫ কিলোমিটারে পৌঁছতে পারে বলে আবহাওয়া দফতর জানিয়েছেন।

ভারী থেকে অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা দুই ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, কলকাতা ও হাওড়ায়।

২) রিমালের দরুণ ক্ষয়ক্ষতি কমাতে জোর তৎপরতা প্রশাসনিক মহলে। ইতমধ্যেই দুই ২৪ পরগনা থেকে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে প্রায় ৬০ হাজার মানুষকে। বাতিল বেশকিছু ট্রেন। আগামীকাল সকাল ৯-টা পর্যন্ত সম্পূর্ণ বন্ধ বিমান ওঠা-নামা।

৩) রাজ্যপাল সি ভি আনন্দ বোস ঘূর্ণিঝড়ের প্রেক্ষিতে সাধারণ মানুষের সার্বিক নিরাপত্তা ও সুস্থতা কামনা করেছেন। সতর্ক থাকার বার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৪) দুর্যোগের মধ্যেও সপ্তম দফার নির্বাচনের প্রচার চলেছে।

৫) আই পি এল ক্রিকেটের ফাইনালে কলকাতা নাইট রাইডার্স – সানারাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রবল সামুদ্রিক ঘুর্নিঝড় রিমাল আজ মধ্যরাতে বাংলাদেশ ও সংলগ্ন পশ্চিমবঙ্গ উপকূলের মধ্য দিয়ে স্থলভাগে প্রবেশ করবে। আবহাওয়া দপ্তরের সর্বশেষ তথ্য অনুযায়ী ঘুর্নিঝড়টি বর্তমানে- বাংলাদেশের খেপুপাড়া থেকে ১৪০ কিলোমিটার দক্ষিন-দক্ষিন পশ্চিমে, মংলা (বাংলাদেশ) থেকে ১৬০ কিমি দক্ষিণ-দক্ষিণ পশ্চিমে সাগরদ্বীপ থেকে ১৩০ কিমি পূর্বে এবং ক্যানিং থেকে ১৪০ কিলোমিটার দক্ষিণ-দক্ষিণ-পূর্বে অবস্থান করছে। স্থলভূমিতে প্রবেশের সময় বাতাসের গতিবেগ ঘন্টায় সর্বোচ্চ ১১০-১২০ কিমি প্রতি ঘণ্টা হতে পারে, সর্ব্বোচ্চ গতিবেগ হতে পারে ঘন্টায় ১৩৫ কিলোমিটার।

আবহাওয়া দফতর জানিয়েছে, অতি প্রবল ঘূর্ণিঝড় রিমালের কারণে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনায় বাতাসের সর্বোচ্চ গতিবেগ ঘণ্টায় ১-শো থেকে ১১০ কিলোমিটারে পৌঁছবে। দমকা হাওয়ার গতিবেগ ঘণ্টায় ১২০ কিলোমিটার পর্যন্ত উঠতে পারে।

হুগলী, কলকাতা, পূর্ব মেদিনীপুর, হাওড়ায় আজ ঝড়ের সর্বোচ্চ গতিবেগ হতে পারে ৮০ কিলোমিটার প্রতি ঘণ্টায়।

আজ ভারী থেকে অতিভারী বৃষ্টিপাতের লাল সতর্কতা জারি করা হয়েছে উত্তর-দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, কলকাতা ও হাওড়ায়। পূর্ব বর্ধমান, পশ্চিম মেদিনীপুর ও নদীয়ার কয়েকটি অঞ্চলে ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে।

আবহাওয়া দফতরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত বলেছেন –

(বাইট – সোমনাথ)

আগামীকাল ভারী বৃষ্টিপাতের লাল সতর্কতা থাকছে নদীয়া ও মুর্শিদাবাদ জেলায়। বৃষ্টিপাতের কমলা সতর্কতা জারি করা হয়েছে বীরভূম, পূর্ব বর্ধমান, হুগলী, দুই ২৪ পরগনা, কলকাতা ও হাওড়ায়। ইতমধ্যেই রেমালের প্রভাবে রাজ্যের উপকূলীয়

এলাকায় বৃষ্টি শুরু হয়েছে। সরাসরি চলে যাচ্ছি আমাদের দক্ষিণ ২৪ পরগণার জেলা সংবাদদাতা গৌতম মন্ডলের কাছে।

গৌতম ঘূর্নিঝড়ের ল্যান্ডফলের আর মাত্র কয়েক ঘন্টা বাকি, উপকূলবর্তী এলাকার পরিস্থিতি কি?

গৌতম ভিসি

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

**প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঘূর্ণিঝড় রিমালের মোকাবিলায় আজ উচ্চ পর্যায়ের বৈঠক করেছেন। বৈঠকে তিনি ঘূর্ণিঝড় মোকাবিলার পন্থা পদ্ধতি ও সতর্কতার সব রকম ব্যবস্থা নিয়ে বিস্তারিত আলোচনা করেন।**

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ দুপুরের পর থেকে পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, হাওড়া, হুগলি, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং কলকাতায় বৃষ্টি শুরু হয়েছে।

দক্ষিণ ২৪ পরগণা জেলায় নদী ও সাগর তীরবর্তী এলাকাগুলি থেকে এখনও পর্যন্ত ৩০ হাজারের বেশী মানুষকে বিভিন্ন ত্রাণ শিবিরে সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। খোলা হয়েছে একশটি ত্রাণ শিবির। লক্ষাধিক বাসিন্দাকে ত্রাণ শিবিরে সরিয়ে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত হয়েছে বলে দক্ষিণ ২৪ পরগনা জেলা প্রশাসন জানিয়েছে। উত্তর ২৪ পরগণার হিঙ্গলগঞ্জ, সন্দেশখালী ১ ও ২ নম্বর ব্লক, হাসনাবাদ, বসিরহাট ১ নম্বর এবং মিনাখা থেকে এখনও পর্যন্ত ২২ হাজার মানুষকে অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া হয়েছে। পূর্ব মেদিনীপুরের দীঘার উপকূলবর্তী এলাকাগুলি থেকেও মানুষজনকে অন্যত্র সরিয়ে নিয়ে গেছে প্রশাসন।

রিমাল মোকাবিলায় প্রশাসনিক তৎপরতা তুঙ্গে। আমাদের প্রতিনিধি জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

নবান্নে ইতিমধ্যেই চালু করা হয়েছে বিশেষ কন্ট্রোল রুম । কন্ট্রোল রুমের নম্বর ১০৭০ এবং ০৩৩-২২১৪-৩৫২৬। রাজ্যের প্রতিটি জেলায় কন্ট্রোল রুম চালু করেছেন জেলাশাসকেরাও। কলকাতা পুলিশ ও পুরসভা বিশেষ কন্ট্রোল রুম খুলেছে। লালবাজারে খোলা হয়েছে ইন্টিগ্রেটেড কন্ট্রোল রুম। সেখানে পুলিশ ছাড়াও থাকছেন দমকল, পুরসভা, পূর্ত দফতর, সিইএসসি এবং এনডিআরএফ-এর প্রতিনিধিরা।

ঝড়ের মোকাবিলায় ইতিমধ্যেই কলকাতা পুলিশের বিপর্যয় মোকাবিলা বাহিনীর ১৫-টি দল তৈরি করা হয়েছে। এদিকে কলকাতায় জমা জল দ্রুত নামিয়ে ফেলতে ৪৮০টি নিকাশি পাম্প সচল রয়েছে বলে মেয়র তথা পুরমন্ত্রী ফিরহাদ হাকিম জানিয়েছেন। কলকাতা পুরসভা যে বিশেষ কন্ট্রোল রুম খুলেছে তার নম্বর ২২৮৬-১২১২।

রাজ্য বিদ্যুৎ বণ্টন কোম্পানি পরিস্থিতির মোকাবিলায় বিভিন্ন জায়গায় বিশেষ টিম প্রস্তুত রেখেছে। তাদের কন্ট্রোল রুমের টোল ফ্রি নম্বর ১৯১২১। পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আগামীকাল শিয়ালদা দক্ষিণ শাখায় আরো ১০ টি EMU লোকাল বাতিল রেখেছে। শিয়ালদা ও হাওড়া তে হেল্প লাইন চালু করা হয়েছে। শিয়ালদার ক্ষেত্রে নম্বর – 033- 23508794/033-23833326 এবং হাওড়ার ক্ষেত্রে 033-26413660। আগামীকাল দীঘাগামী বেশ কয়েকটি এক্সপ্রেস ও ইএমইউ ট্রেন বাতিল করেছে দক্ষিণ-পূর্ব রেল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যপাল সি ভি আনন্দ বোস ঘূর্ণিঝড় রিমালের প্রেক্ষিতে রাজ্যের সাধারণ মানুষের বিশেষত উপকূলবর্তী এলাকার বাসিন্দাদের সার্বিক নিরাপত্তা ও সুস্থতার কামনা করেছেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে রাজ্যপাল সকলকে সতর্ক থাকতেও পরামর্শ দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণিঝড়ের প্রেক্ষিতে কলকাতা বিমানবন্দর কর্তৃপক্ষ আজ বেলা ১২ টা থেকে আগামীকাল সকাল ৯-টা পর্যন্ত সমস্ত রকম উড়ান চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। মোট ৩৯৪-টি উড়ান বাতিল হয়েছে।

oooooooooooooooooooo

এদিকে, ঘূর্ণিঝড় রেমালের কারণে আগামীকাল একাধিক বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা বাতিল হয়েছে। প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের স্নাতক এবং স্নাতকোত্তরের দ্বিতীয় সেমেস্টারের আগামীকালের পরীক্ষাগুলি আগামী ১৮ই জুন নেওয়া হবে। নদিয়ার কল্যাণী বিশ্ববিদ্যালয়ের আগামীকালের সব পরীক্ষা স্থগিত করা হয়েছে । সংশোধিত তারিখ পরে ঘোষণা করা হবে বলে জানানো হয়েছে। পরীক্ষা স্থগিত করা হয়েছে যাদবপুর বিশ্ববিদ্যালয়েও।

oooooooooooooooooooooo

অতি প্রবল সামুদ্রিক ঘূর্ণিঝড় রিমালের সাম্প্রতিক পরিস্থিতি সংক্রান্ত আপডেট আজ রাত ১১ টা থেকে প্রতি ঘণ্টায় আকাশবাণীতে সম্প্রচারিত হবে। শোনা যাবে গীতাঞ্জলি, ১০৭ এফ এম গোল্ড, আকাশবাণী মৈত্রী ও ডিটিএইচ বাংলা পরিষেবায়।

ooooooooooooooooooo

চলতি লোকসভা নির্বাচনের সপ্তম তথা শেষ দফায় আগামী পয়লা জুন রাজ্যের ৯-টি আসনে ভোট নেওয়া হবে। এগুলি হলো – দমদম, বারাসাত, বসিরহাট, জয়নগর, মথুরাপুর, ডায়মন্ডহারবার, যাদবপুর, কলকাতা উত্তর ও দক্ষিণ।

বসিরহাট আসন নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন -

( প্রোফাইল)

০০০০০০০০০০০০০০০০০০০০০

দুর্যোগের মধ্যেও সপ্তম তথা শেষ দফার নির্বাচনের জন্য প্রচার চলেছে। তৃণমূল কংগ্রেস প্রধান তথা রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ সোনারপুরে একটি জনসভা করেন। দুর্যোগের মধ্যেও এরাজ্যে নির্বাচনী প্রচারে ভাটা পড়ে না বলে মন্তব্য করেন তিনি। পাশাপাশি দুর্যোগকালে মানুষকে সচেতন হওয়ার পরামর্শ দিয়েছেন তিনি।

(বাইট – মমতা)

যাদবপুর লোকসভা কেন্দ্রে দলীয় প্রার্থীর সমর্থনেও আজ জনসভা করেন তিনি।

বসিরহাট লোকসভার অন্তর্গত বাদুড়িয়াতে দলীয় প্রার্থীর সমর্থনে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী আজ সভা করেছেন।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর আজ মথুরাপুর লোকসভা এলাকায় তিনটি জনসভার কর্মসূচি থাকলেও প্রাকৃতিক দুর্যোগের কারণে তা বাতিল করে দেওয়া হয়।

দমদমে দলীয় প্রার্থীর সমর্থনে বাম-ছাত্র যুবরা রোড শো করেন। উপস্থিত ছিলেন DYFI নেত্রী মীনাক্ষী মুখোপাধ্যায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আই পি এল ক্রিকেটের ফাইনালে কলকাতা নাইট রাইডার্স আজ সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হয়েছে। চেন্নাই-এর  এম এ চিদাম্বরম

স্টেডিয়ামে টসে জিতে হায়দ্রাবাদ প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নিয়েছে। কলকাতা এই নিয়ে চতুর্থবার আই পি এল ফাইনাল খেলছে। এর মধ্যে তারা চ্যাম্পিয়ান হয়েছে ২ বার।

অন্যদিকে, সানরাইজার্স হায়দ্রাবাদ তৃতীয়বারের জন্য ফাইনালে খেলছে। ২০১৬-তে তারা চ্যাম্পিয়ন হয়।

oooooooooooooooooooooo